গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
jagannathpur.sunamganj.gov.bd

## জগন্নাথপুর উপজেলা আইন শৃঙ্খলা কমিটির আগস্ট-২০২২ খ্রি. মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ সাজেদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
তারিখ : ২৫/০৮/২০২২ খ্রিঃ, সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, জগন্নাথপুর ।
সভার উপস্থিতি ; পরিশিষ্ট ক তে প্রদর্শিত।

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই সভাপতি বিগত ১৫ ই আগস্ট ২০২২ তারিখ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। অতঃপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা জুলাই-২০২২ মাসের উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অপরাধের তুলনামূলক চিত্র তুলে ধরেন।

(অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত প্রতিবেদনের প্রেক্ষিতে)
জুলাই / ২০২২

| ক্রমিক নং | অপরাধের ধরণ | আলোচ্য মাস | বিগত মাস | বিগত বছরের অনুরূপ মাস |
|---|---|---|---|---|
| ০১ | ডাকাতি | - | - | - |
| ০২ | দস্যুতা | - | - | - |
| ০৩ | সিঁধেল চুরি | - | - | - |
| ০৪ | গবাদি পশু চুরি | ০১ | | |
| ০৫ | তার চুরি | - | - | - |
| ০৬ | অন্যান্য চুরি | ০২ | - | |
| ০৭ | খুন | - | - | ০১ |
| ০৮ | দাঙ্গা | - | - | - |
| ০৯ | দাঙ্গাসহ খুন | - | - | - |
| ১০ | অস্ত্র আইন | | - | ০১ |
| ১১ | সড়ক দূর্ঘটনা | - | - | - |
| ১২ | মাদকদ্রব্য | ০২ | ০১ | ০৪ |
| ১৩ | চোরাচালান | - | ০২ | ০২ |
| ১৪ | পুলিশ আক্রান্ত | - | - | - |
| ১৫ | নারী নির্যাতন (ধর্ষণ) | - | - | - |
| ১৬ | এসিড নিক্ষেপ | - | - | - |
| ১৭ | অন্যান্য (নারী নির্যাতন) | ০১ | ০২ | |
| ১৮ | বিস্ফোরক দ্রব্য | - | - | - |
| ১৯ | দ্রুত বিচার আইন | - | - | - |
| ২০ | অন্যান্য | ০৮ | ০৭ | ১২ |
| | মোট | ১৪ | ১২ | ২০ |

অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা হতে প্রাপ্ত তুলনামূলক অপরাধ চিত্র ও আইন শৃংঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় দেখা যায়, বিগত জুন-২০২২ মাসের তুলনায় জুলাই -২০২২ মাসে অপরাধ কমেছে এবং বিগত বছরের একই সময়ের তুলনায় অপরাধ কমেছে। এ বিষয়ে আইন শৃঙ্খলা কমিটির সভায় উপস্থিত অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য সর্বাত্মক চেষ্টা করা হচ্ছে এবং স্থানীয়ভাবে অনেক বিবাদের চলমান সমস্যার সমাধান করে দেওয়া হচ্ছে।

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন পর্যায়ে আইন শৃংখলা পরিস্থিতি সংক্রান্ত | **আলোচনা :** মিরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন মোহাম্মদপুর বাজারে পল্লী বিদ্যুৎতের ট্রান্সফরমার কিছুদিন পূর্বে এক ব্যাক্তি চুরি করে নিয়ে যায় , পরবর্তীতে পল্লী বিদ্যুৎতের ডিজিএম মহোদয়ের সহায়তায় তা উদ্ধার করা হয়। কিন্তু ট্রান্সফরমার চুরির সাথে জড়িত ব্যাক্তির বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহন না করায় উক্ত ব্যক্তি আবারো ট্রান্সফরমার অন্যত্র সরিয়ে নেওয়ার জন্য পায়তারা করছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>পাইলগাঁও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মখলুছ মিয়া সভাকে অবহিত করেন যে, আইনশৃঙ্খলার অবনতি না হওয়ার স্বার্থে বিভিন্ন ইউনিয়নে সংগঠিত অপরাধের বিচার গ্রাম্য সালিশে সম্পন্ন না করে রাষ্ট্রীয় আইনমোতাবেক ব্যবস্থা গ্রহনের বিষয়ে প্রস্তাব করেন। তিনি আরও বলেন যে, গ্রাম্য সালিশে সংকটকালীন মুহূর্তে চলমান বিবাদের নিষ্পত্তি হলেও যারা প্রকৃত অপরাধী তাদের সাহস দিন দিন বৃদ্ধি পায় এবং পরবর্তীতে তারা আরও বেপরোয়া আচরণ করেন।<br>ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন স্ট্যান্ডিং কমিটির সভা নিয়মিতভাবে সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। ইউনিয়ন পর্যায়ে আইন শৃঙ্খলা কমিটির সভাসমূহ সম্পন্ন করতঃ সভার কার্যবিবরণী প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অফিসসমূহে যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য প্রতিটি সভায় আলোচনা করা হলেও সভার কার্যবিবরণী নিয়মিত পাওয়া যাচ্ছে না বিধায় নির্ধারিত তারিখে সভা সম্পন্ন করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট অফিস সমুহে প্রেরণ নিশ্চিত করার জন্য সকল ইউপি চেয়রম্যানগণকে অনুরোধ করা হয়।<br>**সিদ্ধান্ত :** ইউনিয়ন পর্যায়ে সকল স্ট্যান্ডিং কমিটির সভা আহবান, প্রয়োজনে উপজেলা কমিটির সদস্যদের দাওয়াতক্রমে সভা সম্পন্নকরনসহ প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সভার কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। চলমান সকল বিরোধ নিষ্পত্তিকরনের ক্ষেত্রে রাষ্ট্রীয় সকল প্রচলিত বিধিবিধান অনুসরণপূর্বক এবং প্রযোজ্য ক্ষেত্রে গ্রাম আদালতের মাধ্যমে ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউ/পি চেয়ারম্যান (সকল)<br>ও<br>সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ। |
| ০২ | উপজেলা আইনশৃংখলা পরিস্থিতি সংক্রান্ত : | **আলোচনা :** জগন্নাথপুর শহরের বাজার কমিটির সভাপতি বলেন নদীতে জাল ফেলে একদল দুষ্কৃতিকারী নদীতে নৌকা চলাচলে বাঁধার সৃষ্টি করে ।<br>জনাব রেজাউল করিম রিজু, সাধারণ সম্পাদক, উপজেলা আওয়ামীলীগ, জগন্নাথপুর বলেন, সামান্য দমকা বাতাসে বিদ্যুৎতের লোডশেডিং দীর্ঘ সময় ধরে চলতে থাকে। এ বিষয়ে তিনি বিদ্যুৎ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।<br>কুশিয়ারা নদীতে ড্রেজার মেশিন দিয়ে অবৈধভাবে বালু উত্তোলন বিয়ে জনাব সাইফুল ইসলাম রিপন সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলে কে বা কাহারা কিছু দিন পরপর নদীতে ড্রেজার মেশিন দিয়ে অবৈধ পন্থায় বালু উত্তোলন করে ব্যবসা চালিয়ে যাচ্ছে, এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, জগন্নাথপুর সভাকে অবহিত করেন যে, হাসপাতালের প্রবেশমুখে সিএনজি, অটোরিক্সা, টমটম, বাস, ইত্যাদি যত্রতত্র পাকিং করে রাখে যার ফলে মুমূর্ষ রোগীকে বহনকারী যানবাহন হাসপাতালে প্রবেশের ক্ষেত্রে বিড়ম্বনার সম্মুখীন হতে হয়।<br>**সিদ্ধান্ত :** বিষয়গুলো জনগুরুত্বপূর্ণ বিধায় নজরদারিসহ প্রতিটি বিষয়কে গুরুত্ব দিয়ে যথাসময়ে আইন মোতাবেক ব্যবস্থা নেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ<br>ও<br>অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০৩ | বাল্য বিবাহ সংক্রান্ত : | এ উপজেলায় এখন পর্যন্ত কোন বাল্য বিবাহের খবর পাওয়া যায়নি। বাল্যবিবাহ সংক্রান্ত বিষয়ে কোন সংবাদ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে উপজেলা নির্বাহী অফিসার,সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর এবং অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা<br>ও<br>সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি সংক্রান্ত | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর বলেন, উপজেলাধীন আইন শৃঙ্খলা পরিবেশ স্বাভাবিক রয়েছে এবং কিছু অনাকাঙ্খিত বিছিন্ন ঘটনা ছাড়া তেমন কোনো সমস্য নেই । আইন শৃঙ্খলা পরিবেশ স্বাভাবিক থাকায় তিনি প্রশাসনকে ধন্যবাদ জানান। | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ<br>এবং<br>অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা। |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | বিবিধ | সিদ্ধান্ত: জগন্নাথপুর বাজারে বিভিন্ন ব্যবসায়ীগণ যাতে ফুটপাতে মালামাল রেখে জনসাধারনের চলাচলে বাঁধা সৃষ্টি করতে না পারে সে বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা বৃদ্ধিসহ ফুটপাত দখলকারীদের বিরুদ্ধে প্রচলিত আইনে বিধিগত ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ এবং সংশ্লিষ্ট সকল। |

বিভিন্ন অপরাধ দমনে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করে উপজেলা প্রশাসন ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়।
পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.০৮.২০২২
(মোঃ সাজেদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ
unojagannathpur@gmail.com

স্মারক নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০১২.২০. ৫৫৭/১ তারিখ : ২৫/০৮/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ ।
২. মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
৩. পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জগন্নাথপুর, সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ
৫. ------------------------------------------, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৬. সহকারী কমিশনার (ভূমি), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৭. উপজেলা .................................................. (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
৮. অফিসার ইনচার্জ, জগন্নাথপুর থানা, জগন্নাথপুর, সুনামগঞ্জ।
৯. চেয়ারম্যান ...................................... ইউনিয়ন পরিষদ (সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ।
১০. জনাব.......................................................... (সংশ্লিষ্ট সকল), জগন্নাথপুর, সুনামগঞ্জ ।
১১. ওয়েব পোর্টাল।
১২. অফিস নথি/মাস্টার ফাইল ।

২৫.০৮.২০২২
উপজেলা নির্বাহী অফিসার
জগন্নাথপুর, সুনামগঞ্জ।
unojagannathpur@gmail.com

সভায় উপস্থিতির হাজিরা ; [illegible]/২০২২

| ক্রমিক নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | [illegible] | 01732234938 | [illegible] |
| ০৩ | ডা: [illegible], UHFPO | 01764224466. | [illegible] |
| ০৪ | মো: মিজানুর রহমান ও.সি, জগন্নাথপুর থানা | ০১৭১২-২৯২১৩৬ | [illegible] |
| ০৫ | [illegible] | 01712747842 | [illegible] |
| ০৬ | [illegible] | 01720671622 | [illegible] |
| ০৭ | মো: [illegible] | 01717046675 | [illegible] |
| ০৮ | [illegible] | 01716847799 | [illegible] |
| ০৯ | [illegible] | 01715953815 | [illegible] |
| ১০ | মোহাম্মদ [illegible] [illegible] | 01721-226362 | [illegible] |
| ১১ | [illegible] | 01718250189 | [illegible] |
| ১২ | [illegible] | [illegible] | [illegible] |
| ১৩ | [illegible] সভাপতি, [illegible] | [illegible] | [illegible] |
| ১৪ | [illegible] | 01712079570 | Akashul |
| ১৫ | মো. [illegible] ইসলাম [illegible] | 01755582347 | [illegible] |
| ১৬ | মো: রেজাউল [illegible] | 01716673912 | [illegible] |
| ১৭ | | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |
| ২১ | | | |
| ২২ | | | |
| ২৩ | | | |
| ২৪ | | | |